- ক) “২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক- ১৫ এবং ব্লক- ২২” শীর্ষক প্রকল্পের জন্য নির্ধারিত মোট ৩০০০ লাইন কি.মি. উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ কার্যক্রম সম্পন্ন করার মাধ্যমে প্রকল্পের শতভাগ ভৌত কার্যক্রম সমাপ্ত হয়েছে। প্রকল্পের অনুমোদিত ডিপিপি ১৪৮৩৮.০০ লক্ষ টাকা। প্রকল্পের সংশোধিত ডিপিপি ১৬৪০৯.০০ লক্ষ টাকা। আরডিপিপি অনুযায়ী ২০২৩-২৪ অর্থ বছরের বরাদ্দ ২৫৭২.০০ লক্ষ টাকা, যার মধ্যে ২৫৭১.৬৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। ৩০/০৬/২০২৪ তারিখে প্রকল্পটি সমাপ্ত হয়েছে।
- খ) “২ডি সাইসমিক সার্ভে ওভার ব্লক-৬বি সাউথ ও ব্লক-১০” শীর্ষক প্রকল্পের অধীনে মোট ৩২২০ লাইন কি.মি. এর মধ্যে ২০২২-২৩ অর্থবছরে ২৮২.৭৭৫ লাইন কি.মি. সহ মোট ১৩৫৪.৬৭৫ লাইন কি.মি. উপাত্ত আহরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। Engagement of International Seismic Service Provider নিয়োগের জন্য চুক্তির কার্যক্রম চলমান। পজিশনিং/টপো সার্ভে যন্ত্রপাতি ও হার্ডওয়্যার-সফটওয়্যার ক্রয়ের ক্রয়াদেশ প্রদান করা হয়েছে এবং LC স্থাপনের কাজ চলমান। ২ডি ফিল্ড প্লানিং/ ডিজাইন/মান নিয়ন্ত্রণ ও ফিল্ড প্রসেসিং যন্ত্রপাতি ও হার্ডওয়্যার-সফটওয়্যার ক্রয়ের দরপত্রের বিপরীতে প্রাপ্ত কারিগরি ও আর্থিক মূল্যায়ন সম্পন্ন হয়েছে। ডাটা ইন্টারপ্রিটেশন সিস্টেমের হার্ডওয়্যার ও সফটওয়্যার ক্রয়ের ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। LC স্থাপনের কাজ চলমান। ড্রিলিং মেশিন এন্ড এক্সেসরিজ ক্রয়ের ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। LC স্থাপন ও PSI সম্পন্ন হয়েছে। হার্ডওয়্যার-সফটওয়্যারসহ ২ডি ডাটা প্রসেসিং সিস্টেম ক্রয় দরপত্রের কারিগরি ও আর্থিক মূল্যায়ন অনুমোদন শেষে সর্বনিম্ন দরদাতার নিকট NOA ইস্যু করা হয়েছে। দরদাতা PG প্রদান করেছে। ক্রয়াদেশ ও LC স্থাপন সম্পন্ন হয়েছে। বিশেষজ্ঞ সেবা গ্রহণের লক্ষ্যে সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রতিষ্ঠান হতে প্রাপ্ত RFP মূল্যায়ন চলমান।
- গ) “৩ডি সাইসমিক সার্ভে ওভার জকিগঞ্জ এন্ড পাথারিয়া ওয়েস্ট স্ট্রাকচার” শীর্ষক প্রকল্পের মাঠ পর্যায়ে জকিগঞ্জ ভূগঠনের ২০০ বর্গ কি.মি. ৩ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে, সংগৃহীত ৩ডি সাইসমিক উপাত্ত প্রক্রিয়াকরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে, RTM প্রক্রিয়াকরণ কার্যক্রম চলমান রয়েছে, বিশ্লেষণের কাজ চলমান। পাথারিয়া ভূগঠন এলাকায় ৩৮০ বর্গ কি.মি. উপাত্ত সংগ্রহ কার্যক্রম শেষে যন্ত্রপাতি ও মালামাল ডিমোবাইলিজেসন এর কাজ সম্পন্ন হয়েছে। সকল বৈদেশিক ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। রেকর্ডিং শাখার যন্ত্রপাতি ও সরঞ্জামাদি মেরামত কার্যক্রম সম্পন্ন হয়েছে। বিশেষজ্ঞ সেবা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহের সাথে চুক্তি সম্পাদন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে এবং ৫টি লটের সবগুলোরই ঋণপত্র স্থাপন করা হয়েছে। লট-০১, লট-০২ ও লট-০৩ এর বিশেষজ্ঞ সেবা গ্রহণ শেষ হয়েছে। বর্তমানে লট-০৫ এর বিশেষজ্ঞ সেবা গ্রহণ চলমান আছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ৫টি প্যাকেজের আরএফকিউ পদ্ধতিতে স্থানীয় ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে।
- ঘ) প্রস্তাবিতব্য “হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ড ৩ডি সাইসমিক জরিপ” শীর্ষক (১৪৫০ বর্গ কি.মি.) প্রকল্পের সাইসমিক সার্ভে কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বিস্ফোরক দ্রব্যাদি (এক্সপ্লোসিভ, ডেটোনেটর ও কোন-এ্যাংকর); ড্রিলিং মেশিন এন্ড এক্সেসরিজ; কিউসি এন্ড ফিল্ড প্রসেসিং সফটওয়্যার, হার্ডওয়্যার; ডাটা একুইজিশান সিস্টেম; ওয়াকিটিকি; পজিশনিং এন্ড টপো সার্ভে ইকুইপমেন্ট ক্রয় এই ৬ (ছয়)টি বৈদেশিক ক্রয় কার্যের আন্তর্জাতিক দরপত্র আহবানের জন্য গঠিত কমিটির কারিগরি বিনির্দেশ (Technical Specification) প্রস্তুত করতঃ IFT সহ টেন্ডার ডকুমেন্ট প্রস্তুতকরণ এবং দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate) প্রস্তুতকরণ সম্পন্ন। অস্থায়ী জনবল নিয়োগ ও যানবাহন ভাড়াকরণের লক্ষ্যে IFT সহ Standard Tender Document (National) প্রস্তুতকরণ এবং দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate) প্রস্তুতকরণ সম্পন্ন। বিস্ফোরক দ্রব্যাদি (এক্সপ্লোসিভ, ডেটোনেটর ও কোন-এ্যাংকর) ক্রয়; কিউসি এন্ড ফিল্ড প্রসেসিং সফটওয়্যার, হার্ডওয়্যার ক্রয়; ডাটা একুইজিশান সিস্টেম ক্রয়; অস্থায়ী জনবল নিয়োগ ও যানবাহন ভাড়াকরণ এই ৫ (পাঁচ) টি ক্রয় কার্য ও সেবা গ্রহণের লক্ষ্যে প্রস্তুতকৃত IFT সহ টেন্ডার ডকুমেন্ট বাপেক্সের পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদন নেয়ার লক্ষ্যে বোর্ড পেপার প্রস্তুত করা হয়েছে। বাপেক্স পরিচালনা পর্ষদের ৪৮০তম সভার সিদ্ধান্ত ও নির্দেশনা মোতাবেক প্রকল্পের মেঘনা ও বাখরাবাদ ফেল্ডের কার্যক্রমে Sub-Contractor হিসেবে BGP Inc, China এর নিয়োজিতকরণ এবং এর কর্মপরিধি নির্ধারণে জন্য গঠিত কমিটির প্রতিবেদন দাখিল সম্পন্ন। পরবর্তী করণীয় সম্পর্কে বাপেক্সের পরিচালনা পর্ষদ কর্তৃক নির্দেশনা ও সিদ্ধান্তের নিমিত্ত বোর্ড পেপার প্রস্তুত করা হয়েছে। এপিপি প্রণয়ন কমিটির পত্র সূত্র নং ২৮.০৯.০০০০.০৭২.৯৯.০০২.২৪.২৫.১ তারিখঃ ০৫ জুন ২০২৪ মোতাবেক প্রকল্পের ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা পরিকল্পনা ও আইসিটি বিভাগে করা হয়েছে। প্রকল্পের অন্যান্য মালামাল ও সেবা গ্রহণের নিমিত্ত ওটিএম এবং আরএফকিউ পদ্ধতিতে স্থানীয় ক্রয় কার্যক্রম শুরু করার প্রাথমিক কার্যক্রম চলমান।
- ঙ) প্রস্তাবিতব্য “২ ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ৭ এন্ড ৯” শীর্ষক প্রকল্পের International Seismic Service Provider নিয়োগের জন্য ০৪ (চার)টি প্রতিষ্ঠানকে RFP প্রেরণের প্রেক্ষিতে প্রাপ্ত Proposal সমূহের মূল্যায়ন সম্পন্ন হয়েছে। ২৭ এপ্রিল ২০২৪ তারিখের পিইসির সভার কার্যবিবরণী (স্মারক নম্বরঃ ২০.০৫.০০০০.৪৯৩.১৪. ০৭৯.২০২৪/৩৬৪, তারিখ ১৩ মে ২০২৪) এর সিদ্ধান্ত ও নির্দেশনা মোতাবেক প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে ৩০ জুন ২০২৪ তারিখ পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে।
- চ) গ্যাসপ্রম এর প্রস্তাব বিবেচনায় নিয়ে সমন্বয় সভায় আলোচনার প্রেক্ষিতে ব্লক ১০ এর চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা/হাতিয়া এলাকায় ট্রানজিশন জোন সহ প্রায় ১৯৩০ বর্গ কি. মি. এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে পরিচালনা করার সিদ্ধান্ত হয় এবং এ প্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় প্রকল্পের প্রস্তাব তৈরী করার জন্য মৌখিক নির্দেশনা প্রদান করেন। পরবর্তীতে চরফ্যাশন, হাতিয়া ও সুবর্গচর এলাকায় ৩ডি সাইসমিক লাইন ডিজাইন প্রস্তুতকরণের জন্য গঠিত কমিটি গত ২৮/০৩/২০২৪ তারিখ প্রতিবেদন দাখিল করে। বাপেক্সের অফিস আদেশ স্মারক নং ২৮.০৯.০০০০.০১২.১৯. ০০২.২৪/১০৮১, তারিখ ২৬ জুন ২০২৪ এর মাধ্যমে বেগম সাবিহা আক্তার খানম, উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ), ভূপদার্থিক বিভাগ কে প্রস্তাবিত “৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন, মনপুরা, হাতিয়া” শীর্ষক প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক নিয়োগ করা হয়েছে। বর্তমানে উক্ত প্রকল্পের RFP প্রস্তুত করার প্রক্রিয়া চলমান আছে।

- হ) প্রস্তাবিত “৩ডি সাইসমিক সার্ভে ওভার সূবর্ণচর” শীর্ষক প্রকল্পের আওতায় ট্রানজিশন জোনসহ ১০০০ বর্গ কি.মি. এলাকায় টার্ন-কী পদ্ধতিতে ৩ডি সাইসমিক সার্ভে প্রকল্প গ্রহণ করার লক্ষ্যে ডিপিপি প্রণয়নের নিমিত্ত ব্যয় প্রাক্কলন প্রস্তুতকরণের জন্য আলাদা ২ (দুই)টি গঠিত কমিটি প্রতিবেদন দাখিল করেছে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় প্রকল্পের প্রস্তাব তৈরী করার জন্য মৌখিক নির্দেশনা প্রদান করেন।
- জ) প্রস্তাবিতব্য “৩ডি সাইসমিক সার্ভে ওভার দোয়ারাবাজার, ছাতক ও কোম্পানীগঞ্জ এরিয়া” শীর্ষক প্রকল্পটি মন্ত্রণালয় কর্তৃক জিডিএফ এর অর্থায়নে প্রকল্পসমূহের অগ্রাধিকার তালিকায় অন্তর্ভুক্তির অনুমোদন দেয়া হয়েছে। তবে মাঠ পর্যায়ে কাজ শুরু করার আইনি মতামত পাওয়া যায় নি।
- ঝ) সাইসমিক উপাত্ত প্রক্রিয়াকরণ উপ-বিভাগের অধীনে ২০২২-২০২৩ এবং ২০২৩-২০২৪ ইং মাঠ মৌসুমে 2D Seismic Survey Over Exploration Block-6B South & 10 Project এর মুলাদি, গৌরনদী, বরিশাল এলাকায় সংগৃহীত সাইসমিক জরীপ লাইন BPX_6B_6, BPX_6B_11, BPX_6B_14, BPX_6B_16, BPX_6B_17 (Half of previous session), BPX_6B_18 এবং BPX_6B_20 এর ফাইনাল Processing কাজ সম্পন্ন হয়েছে। BPX_10_60, & BPX_6B_10 Residual Stack এর কাজ সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে BPX_6B_14, BPX_6B_16, BPX_6B_17 এবং BPX_6B_18 লাইনের ReProcessing সম্পন্ন হয়েছে। অতঃপর BPX_6B_13, BPX_6B_22, BPX_6B_24, BPX_6B_25, BPX_6B_26, BPX_6B_32, BPX_10_58, BPX_10_64 লাইনসমূহের Geometry Checking এবং BPX_6B_6 লাইনের velocity picking এর কাজ চলমান আছে। “৩ডি সাইসমিক সার্ভে ওভার জকিগঞ্জ এন্ড পাথারিয়া স্ট্রীকচার” শীর্ষক প্রকল্পের অধীনে সংগৃহীত জকিগঞ্জ এলাকার ৩ডি সাইসমিক উপাত্ত প্রক্রিয়াকরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে, RTM প্রক্রিয়াকরণ কার্যক্রম চলমান রয়েছে। উক্ত এলাকার উপাত্ত বিশ্লেষণের জন্য প্রসেসিং উপবিভাগ হতে ডাটা প্রদান করা হয়েছে। পাথারিয়া ভূগঠন এলাকার ৩ডি সাইসমিক উপাত্ত প্রক্রিয়াকরণের প্রাথমিক কার্যক্রম চলমান।
- ঞ) ২ডি ইন্টারপ্রিটেশন উপ-বিভাগের মাধ্যমে ১৯৯৭ সালে বাংলাদেশের পার্বত্য জেলাসমূহে UMC কর্তৃক সম্পাদিত ২ডি সাইসমিক লাইনসমূহের পেপার সেকশন jpeg ফরম্যাট থেকে segy ফরম্যাট-এ রূপান্তরিত করা হয়েছে। ভূপদার্থিক বিভাগ কর্তৃক অদ্যাবধি পরিচালিত ২ডি এবং ৩ডি সাইসমিক সার্ভে এবং তদানুযায়ী ইন্টারপ্রিটেশন রিপোর্ট এর ভিত্তিতে প্রাপ্ত প্রসপেক্টসমূহের তালিকা (ইতিমধ্যে drilled prospects ব্যতীত) প্রাথমিকভাবে প্রস্তুত করা হয়েছে এবং কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে Interim report আকারে ভূতাত্ত্বিক বিভাগে প্রেরণ করা হয়েছে। “২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ১৫ এবং ২২” শীর্ষক প্রকল্পে সংগৃহীত ব্লক ১৫ এর আওতাধীন ফেনী স্ট্রীকচার ও এর চারপাশের সাইসমিক উপাত্তসমূহ আরও বিস্তারিতভাবে বিশ্লেষণের কাজ চলমান রয়েছে। এ উদ্দেশ্যে সিন্থেটিক জেনারেশন এবং ওয়েল টু সাইসমিক টাই সম্পন্ন হয়েছে। উক্ত প্রকল্পের উপাত্ত বিশ্লেষণ এবং প্রতিবেদন প্রণয়ন এর কাজ চলমান রয়েছে। ২ডি সাইসমিক ডাটা ইন্টারপ্রিটেশন এর উপর ভিত্তি করে পেট্রোবাংলায় প্রেরিত প্রসপেক্ট সমূহের উপর Standard Workflow অনুযায়ী প্রত্যেকটি প্রসপেক্ট সম্পর্কে প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে। বাপেক্স এর সর্বশেষ হালনাগাদকৃত লিডসমূহের আপগ্রেডেশন, লিডসমূহের বিদ্যমান Ranking এর আপগ্রেডেশন এবং উক্ত লিডসমূহকে প্রসপেক্ট-এ রূপান্তরকরণে প্রয়োজনীয় সংখ্যক সাইসমিক লাইন ডিজাইন প্রণয়নের লক্ষ্যে ArcMap software এ বিদ্যমান লিডের লোকেশন, সম্প্রতি রিলিজকৃত ৫২ কূপের লোকেশন এবং জরিপকৃত সকল ধরনের সাইসমিক লাইন নিয়ে একটি ম্যাপ প্রস্তুত করা হয়েছে। ব্লক ১০-এর নোয়াখালী ও লক্ষ্মীপুর এলাকায় চিহ্নিত লিডসমূহের ধরণ বিস্তারিতভাবে নিরূপণের লক্ষ্যে একটি সাব সারফেস ম্যাপ প্রণয়ন করা হয়েছে। এ সংশ্লিষ্ট অন্যান্য কাজ চলমান রয়েছে।
- চ) ৩ডি ইন্টারপ্রিটেশন উপ-বিভাগের মাধ্যমে জকিগঞ্জ এলাকার প্রাথমিক Petrophysical Interpretation ও Sequence Stratigraphic Interpretation সম্পন্ন করা হয়েছে। উক্ত ইন্টারপ্রিটেশন এর ফলাফল উপস্থাপন করা হয়েছে। উক্ত ফলাফলের উপর ভিত্তি করে জকিগঞ্জ এলাকার সাইসমিক ইন্টারপ্রিটেশন কার্যক্রম চলমান। ৯ টি Horizon এর ইন্টারপ্রিটেশনের ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। এডভান্স সাইসমিক ইন্টারপ্রিটেশনের অংশ হিসেবে জকিগঞ্জ এলাকার Rock Physics Modelling এবং AVO Inversion এর কার্যক্রম চলমান আছে।
- জ) ভূপদার্থিক বিভাগের চলমান বিভিন্ন প্রকল্পের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় যন্ত্রপাতি/মালামাল প্রকল্পের কাজে ব্যবহারের জন্য মেইনটেন্যান্স এন্ড স্টোরস উপবিভাগ এর মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রদান করার পর অবশিষ্ট ব্যবহারযোগ্য যন্ত্রপাতির মধ্যে যে সকল যন্ত্রপাতিতে ব্যাটারি আছে সে সকল যন্ত্রপাতির চার্জিং/ডিসচার্জিং এবং সাময়িক ব্যবহার অযোগ্য যন্ত্রপাতিসমূহ মেরামত করার প্রক্রিয়া চলমান আছে। বাপেক্স ভবনের ১১তম তলায় ভূপদার্থিক বিভাগ, কাপাসিয়া কূপ খনন স্থাপনা, গাজীপুর-এ সংরক্ষিত সাইসমিক যন্ত্রপাতি/মালামালসমূহের মধ্যে “২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক-৬বি সাউথ এন্ড ১০” প্রকল্পের চাহিদা মোতাবেক ২০২৩-২০২৪ মাঠ মৌসুমে গৌরনদী, বরিশাল অঞ্চলে প্রকল্পের কাজে ব্যবহারের লক্ষ্যে যন্ত্রপাতি/মালামালসমূহ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রেরণ করা হয়েছে।

৪.৩ খনন পরিচালনা বিভাগ

১। খনন ও ওয়ার্কওভার কার্যক্রম :

- ক) তিতাস-১৪ ওয়ার্কওভার: ZJ40 DBT (Bijoy-11) রিগ দ্বারা তিতাস#১৪ কূপের ওয়ার্কওভার সফলভাবে সম্পন্ন করে হবিগঞ্জ#৫ কূপ ওয়ার্কওভারের লক্ষ্যে রিগটির Maintenance কাজ চলমান রয়েছে। অতি শীঘ্রই রিগ শিফটিং কার্যক্রম শুরু করা হবে।
- খ) বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট) মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খনন: ZJ70 DBS (Bijoy-10) রিগ দ্বারা বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট) মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খনন কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে ২৩৩৫ মিটার পর্যন্ত খনন কাজ সম্পন্ন করা হয়েছে। খনন কাজ চলমান রয়েছে।
- গ) রশিদপুর-৫ ওয়ার্কওভার: XJ650T (Bijoy-18) রিগ দ্বারা রশিদপুর#৫ কূপের ওয়ার্কওভার সম্পন্ন করে সিলেট#৭ কূপের ওয়ার্কওভারের লক্ষ্যে রিগ ও রিগ সংশ্লিষ্ট মালামাল স্থানান্তর কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। অতি শীঘ্রই রিগ আপ কার্যক্রম শুরু করা হবে।
- ঘ) কেটিএল-৮ ওয়ার্কওভার: ZJ50 DBS (Bijoy-12) রিগ দ্বারা কেটিএল#৮ খনন করার লক্ষ্যে ১৫-০১-২০২৪ তারিখে খনন কাজ শুরু করে ১৩-০৬-২০২৪ তারিখ সফলভাবে সম্পন্ন করা হয়েছে। উক্ত রিগ দ্বারা জকিগঞ্জ#১ কূপ ওয়ার্কওভারের লক্ষ্যে অতি শীঘ্রই রিগ ডাউন কাজ শুরু করা হবে।

২। রিগ বেইজ :

- ক) মাধবপুর রিগ বেইজঃ
দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ রিগ বেইজে রক্ষিত মালামাল রক্ষণাবেক্ষণ, পরিস্কার পরিচ্ছন্ন ও নিরাপত্তা বিধানের কাজ অব্যাহত আছে।

8.8 ওয়েল সার্ভিসেস বিভাগ**১। কূপ পরীক্ষণ (Well Testing) :**

- ১) জকিগঞ্জ # ১ ও শাহবাজপুর #৪ ওয়ার্কওভার কূপের জন্য Slickline Operation Services ভাড়া সংগ্রহের লক্ষ্যে আহবায়িত আন্তর্জাতিক পুনঃদরপত্র প্রস্তাবের আর্থিক মূল্যায়ন শেষে NOA প্রদানের জন্য সুপারিশ করা হয়েছে।
- ২) সুন্দলপুর #৪ ও শ্রীকাইল#৫ কূপে DST & Slickline সার্ভিসেস গ্রহণের জন্য আহবায়িত আন্তর্জাতিক দরপত্র এর বিপরীতে প্রাপ্ত দরপত্র সমূহের আর্থিক মূল্যায়ন শেষে NOA প্রদানের কাজ চলমান।
- ৩) সুন্দলপুর সাউথ -১ ও জামালপুর -১ খনন কূপদ্বয়ের জন্য DST & Slickline Service ভাড়া সংগ্রহের লক্ষ্যে আহবায়িত দরপত্র প্রস্তাব উন্মোচনের তারিখ পরিবর্তন করা হয়েছে।
- ৪) কৈলাশটিলা #৮ কূপে Well Testing Service প্রদান করা হয়েছে।
- ৫) সুন্দলপুর-৩ কূপ খনন প্রকল্পে DST & Slickline Service প্রদানকারী প্রতিষ্ঠানের দাখিলকৃত Invoice প্রত্যায়ন করা হয়েছে।
- ৬) সর্বশেষ কূপ সমূহে সম্পাদিত DST ও ওয়েল টেস্টিং এর প্রতিবেদন তৈরির কাজ চলমান রয়েছে।

২। মাড ইঞ্জিনিয়ারিং (Mud Engineering) :

- ১) বেগমগঞ্জ #৪ (ওয়েস্ট) কূপ খননে মাড ইঞ্জিনিয়ারিং সার্ভিস প্রদান চলমান আছে।
- ২) KTL #৮ কূপ খননে মাড ইঞ্জিনিয়ারিং সার্ভিস প্রদান শেষে মাড ট্যাংক ও সলিড কন্ট্রোল ইকুইপমেন্ট রক্ষণাবেক্ষণ ও রংকরণ কাজ চলমান আছে।
- ৩) মাড ইঞ্জিনিয়ারিং শাখায় ব্যবহারের জন্য ল্যাব Reagent and Apparatus ক্রয়ের লক্ষ্যে ক্রয়াদেশ নং-BAPEX/ADMIN/1910, Date:03-09-2023 এর বিপরীতে সরবরাহকারী বরাবর ঋণপত্র স্থাপিত হয়েছে মালামাল Shipment প্রক্রিয়াধীন।
- ৪) “২ টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (সুন্দলপুর-৪ ও শ্রীকাইল-৫) এবং ২ টি অনুসন্ধান কূপ (সুন্দলপুর সাউথ -১ ও জামালপুর -১) খনন” প্রকল্পের আওতায় মাড ইঞ্জিনিয়ারিং ল্যাব ক্রয়ের নিমিত্তে দরপত্র বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে।
- ৫) “২ টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (সুন্দলপুর-৪ ও শ্রীকাইল-৫) এবং ২ টি অনুসন্ধান কূপ (সুন্দলপুর সাউথ -১ ও জামালপুর -১) খনন” প্রকল্পের আওতায় সুন্দলপুর সাউথ-১ ও জামালপুর-১ অনুসন্ধান কূপের জন্য মাড কেমিক্যাল এন্ড কমপ্লিশন কেমিক্যাল ক্রয়ের নিমিত্তে দরপত্র বিক্রয় কাজ চলমান আছে।
- ৬) এসজিএফএল এর সিলেট #৭ কূপের ওয়ার্কওভার কাজ শুরুর পূর্বে প্রস্তুতমূলক কাজ চলমান আছে।

৩। ওয়ারলাইন লগিং সার্ভিসেস :

- ১) সুন্দলপুর সাউথ #১ এবং জামালপুর #১ অনুসন্ধান কূপের দরপত্র আহবানের লক্ষ্যে Tender Document বিক্রয়ের সময় বৃদ্ধি করা হয়েছে।
 - ২) অত্র উপবিভাগের ০২ (দুই) জন কর্মকর্তা বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট) মূল্যায়ন কাম উন্নয়ন কূপে ১৭ ১/২” সেকশনে Cased Hole (CBL, VDL) এবং ১২ ১/৪” সেকশনে ওপেন হোল ওয়ারলাইন লগিং এবং RDT কার্যক্রম সরেজমিনে পরিদর্শন ও সম্পাদনের লক্ষ্যে বেগমগঞ্জ, নোয়াখালী গমন করেন।
 - ৩) অত্র উপবিভাগের ০১ (এক) জন কর্মকর্তা বেগমগঞ্জ #৪ (ওয়েস্ট) মূল্যায়ন কাম উন্নয়ন কূপে ১২ ১/৪” সেকশনে Cased Hole (CBL, VDL) ওয়ারলাইন লগিং কার্যক্রম সরেজমিনে পরিদর্শন ও সম্পাদনের লক্ষ্যে বেগমগঞ্জ, নোয়াখালী গমন করেন।
 - ৪) অত্র উপবিভাগের ০১ (এক) জন কর্মকর্তা বেগমগঞ্জ #৪ (ওয়েস্ট) মূল্যায়ন কাম উন্নয়ন কূপে ১২ ১/৪” সেকশনে Cement Squeeze সম্পন্ন করে পুনরায় Cased Hole (CBL, VDL) ওয়ারলাইন লগিং কার্যক্রম সরেজমিনে পরিদর্শন ও সম্পাদনের লক্ষ্যে বেগমগঞ্জ, নোয়াখালী গমন করেন।
 - ৫) অত্র উপবিভাগের ০২ (দুই) জন কর্মকর্তা Perforation কাজে ব্যবহৃত বিষ্ফোরক দ্রব্যাদি পোমরা, চট্টগ্রাম হতে বেগমগঞ্জ #৪ (ওয়েস্ট) কূপে পরিবহনের কাজ সরেজমিনে তদারক করেন।
- সুন্দলপুর #৪** উন্নয়ন কূপে ওয়ারলাইন লগিং সেবা গ্রহণের লক্ষ্যে আহবায়িত আন্তর্জাতিক দরপত্র নং: BAPEX/ADMIN/INT/TEN-1181/2023, তারিখ: ০২/০৮/২০২৩ এর বিপরীতে প্রাপ্ত দরপত্রের আর্থিক মূল্যায়নের প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে।
- শ্রীকাইল #৫** উন্নয়ন কূপে ওয়ারলাইন লগিং সেবা গ্রহণের লক্ষ্যে আহবায়িত আন্তর্জাতিক দরপত্র নং: BAPEX/ADMIN/INT/TEN-1188/2023, তারিখ: ১৫/০৬/২০২৩ এর বিপরীতে প্রাপ্ত দরপত্রের আর্থিক মূল্যায়নের নিমিত্তে কমিটি গঠনের কাজ সম্পন্ন করা হয়েছে।

৪। ওয়েল সিমেন্টেশন (Well Cementation) :

- ১) সুন্দলপুর সাউথ #১ কূপের আহবায়িত দরপত্রটির লক্ষ্যে Schedule বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে।
- ২) শ্রীকাইল # ৫ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খনন প্রকল্পে সিমেন্টেশন সার্ভিস প্রদান সংক্রান্ত মালামাল ও তৃতীয় পক্ষীয় সেবা ক্রয়ের আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্র (দরপত্র নং-১১৮৩) সমূহের আর্থিক মূল্যায়ন প্রতিবেদন মুখবন্দিখামে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবরে দাখিল করা হয়েছে। কমিটির সুপারিশের ভিত্তিতে সর্বনিম্ন দরদাতার অনুকূলে NOA প্রদান কার্যক্রম চলমান রয়েছে।
- ৩) সুন্দলপুর # ৪ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খনন প্রকল্পে সিমেন্টেশন সার্ভিস প্রদান সংক্রান্ত মালামাল ও তৃতীয় পক্ষীয় সেবা ক্রয়ের আন্তর্জাতিক উন্মুক্ত পুনঃদরপত্র (দরপত্র নং-১২৪৩) এর বিপরীতে প্রাপ্ত দরপত্র সমূহের কারিগরি মূল্যায়ন চলমান রয়েছে।
- ৪) জামালপুর-১ অনুসন্ধান কূপ খনন প্রকল্পে সিমেন্টেশন সার্ভিস প্রদানের প্রয়োজনীয় পরিমাণ মালামাল ও তৃতীয় পক্ষীয় সেবা ক্রয়ের লক্ষ্যে আহবায়িত দরপত্রের প্রস্তুতকৃত আর্থিক মূল্যায়ন প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবরে মুখবন্দি খামে দাখিল করা হয়েছে।
- ৫) বেগমগঞ্জ #৪ ওয়েস্ট কূপ খনন প্রকল্পে সিমেন্টেশন সার্ভিস প্রদান কার্যক্রম চলমান রয়েছে।

৪.৫ পরীক্ষাগার বিভাগ

জিওলজিক্যাল ল্যাব উপ-বিভাগ:

- ১। গ্যাজপ্রম কর্তৃক খননকৃত টবগী #১ অনুসন্ধান কূপ হতে প্রেরিত তিন (০৩) টি (২৮ মিটার) কোর নমুনা হতে সংগৃহীত চৌষটি (৬৪) টি নমুনার Mineralogical Analysis এর লক্ষ্যে Chemically treated clay part এর XRD data acquisition শেষে প্রাপ্ত উপাত্ত বিশ্লেষণের কাজ চলমান রয়েছে।
- ২। ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক ২০২৩-২০২৪ মাঠ মৌসুমে পটিয়া ভূগঠনের বিভিন্ন ছড়া/সেকশন হতে সংগৃহীত শিলা নমুনা হতে দ্বিতীয় দফায় প্রেরিত দশটি (১০) টি Outcrop (Shale/ Silty Shale/ Mudstone) নমুনার Micropaleontological Analysis এর লক্ষ্যে নমুনা প্রস্তুতি শেষে Microfossil পৃথকীকরণের কাজ সম্পন্ন হয়েছে।
- ৩। ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক ২০২৩-২০২৪ মাঠ মৌসুমে পটিয়া ভূগঠনের বিভিন্ন ছড়া/সেকশন হতে সংগৃহীত শিলা নমুনা হতে তৃতীয় দফায় প্রেরিত বাইশটি (২২) টি Outcrop (Shale/ Silty Shale/ Mudstone) নমুনার Micropaleontological Analysis এর লক্ষ্যে নমুনা প্রস্তুতি শেষে Microfossil পৃথকীকরণের কাজ চলমান রয়েছে।
- ৪। ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক ২০২৩-২০২৪ মাঠ মৌসুমে পটিয়া ভূগঠনের বিভিন্ন ছড়া/সেকশন হতে সংগৃহীত শিলা নমুনা হতে চতুর্থ দফায় প্রেরিত সাতটি (০৭) টি Outcrop (Shale/ Silty Shale/ Mudstone) নমুনার Micropaleontological Analysis এর লক্ষ্যে নমুনা প্রস্তুতকরণের কাজ চলমান রয়েছে।
- ৫। ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক ২০২৩-২০২৪ মাঠ মৌসুমে পটিয়া ভূগঠনের বিভিন্ন ছড়া/সেকশন হতে সংগৃহীত শিলা নমুনা হতে দ্বিতীয় দফায় প্রেরিত দশটি (১০) টি Outcrop sand নমুনার Depositional Environment নির্ণয়ের কাজ চলমান রয়েছে।
- ৬। ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক ২০২৩-২০২৪ মাঠ মৌসুমে পটিয়া ভূগঠনের বিভিন্ন ছড়া/সেকশন হতে সংগৃহীত শিলা নমুনা হতে তৃতীয় দফায় প্রেরিত এগারো (১১) টি Outcrop sand নমুনার sedimentological analysis and depositional environment নির্ণয়ের লক্ষ্যে sieve data acquisition এর কাজ চলমান রয়েছে।
- ৭। ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক ২০২৩-২০২৪ মাঠ মৌসুমে পটিয়া ভূগঠনের বিভিন্ন ছড়া/সেকশন হতে সংগৃহীত শিলা নমুনা হতে চতুর্থ দফায় প্রেরিত সাতটি (০৭) Outcrop sand নমুনার sedimentological analysis and depositional environment নির্ণয়ের লক্ষ্যে sieve data acquisition এর জন্য নমুনা প্রস্তুতকরণের কাজ চলমান রয়েছে।

জিওকেমিক্যাল উপ-বিভাগ:

- ১। SGFL এর প্রেরিত পত্র মোতাবেক কৈলাশটিলা #৮ নং কূপের MIFT লগের মাধ্যমে সংগৃহীত ০২ (দুই)টি গ্যাস ও ০৩(তিন)টি পানি নমুনা এবং বর্ণিত কূপের ৩৪৩৮.৪-৩৪৪২.৪ মি. এবং ৩৪৪২.৫ – ৩৪৪৬.৫ মি. গভীরতায় ডিএসটি-১ চলাকালীন সংগৃহীত ০৬ (ছয়) টি গ্যাস, ০১ (এক) টি কনডেনসেট ও ০১ (এক) টি পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। ইনভয়েজ প্রস্তুতের কাজ চলছে।
- ২। ভূতাত্ত্বিক বিভাগ কর্তৃক সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলার ১৩ নং বিছানাকান্দি ইউনিয়নের নতুনভাঙ্গা গ্রামের গ্যাস নির্গমন স্থান হতে সংগৃহীত ও প্রেরিত ০৩ (তিন) বোতল গ্যাস নমুনার বিশ্লেষণ প্রতিবেদন ভূতাত্ত্বিক বিভাগে আন্তঃবিভাগীয় পত্রের মাধ্যমে প্রেরণ করা হয়েছে।
- ৩। ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক পটিয়া ভূগঠনের বিভিন্ন ছড়া/সেকশন থেকে ২০২৩-২৪ মাঠ মৌসুমে সংগৃহীত আউটক্রপ নমুনাসমূহের জিওকেমিক্যাল বিশ্লেষণের লক্ষ্যে নমুনা প্রস্তুতির কাজ চলছে।
- ৪। বাপেক্স কর্তৃক খননকৃত বেগমগঞ্জ # ৪ ওয়েস্ট কূপের ২১৪৬ মি. ও ১৯৪০ মি. গভীরতায় MIFT চেম্বারে সংগৃহীত ০২ (দুই)টি গ্যাস নমুনা এবং ২১৪৬ মি. গভীরতায় MIFT চেম্বারে সংগৃহীত ০১ (এক)টি পানি নমুনা পরীক্ষাগার বিভাগের সিলিন্ডার ও বোতলে স্থানান্তর করা হয়েছে।
- ৫। সেমুতাং গ্যাসক্ষেত্র হতে ০২ (দুই)টি গ্যাস নমুনা ও ০১ (এক)টি পানি নমুনা সংগ্রহ করা হয়েছে।

পেট্রোফিজিক্যাল উপ-বিভাগ:

- ১। টবগী #১ অনুসন্ধান কূপ থেকে প্রাপ্ত কোর নমুনার পেট্রোফিজিক্যাল বিশ্লেষণ শেষে আংশিক প্রতিবেদন চূড়ান্তকরণের কাজ চলমান।
- ২। পরীক্ষাগার বিভাগের জন্য ১টি Porosimeter ক্রয়ের লক্ষ্যে দাপ্তরিক ব্যয় প্রাক্কলনের কাজ শেষ হয়েছে।
- ৩। পরীক্ষাগার বিভাগের জন্য ১টি Gas Permeameter ক্রয়ের লক্ষ্যে চুক্তিপত্র প্রস্তুতের কাজ শেষে ঋণপত্রের কাজ সম্পন্ন হয়েছে।
- ৪। পরীক্ষাগার বিভাগের কোরস্টোরের জন্য Core Rack চট্টগ্রাম আঞ্চলিক অফিসে গ্রহণপূর্বক অস্থায়ীভাবে স্থাপন করা হয়েছে।
- ৫। ২০২৩-২৪ এর সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনা এবং ২০২৪-২৫ এর বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রস্তুত করে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়েছে।

গ্যাস ও কনডেনসেট উৎপাদন এবং বিক্রয়ের সংক্ষিপ্ত বিবরণী

(১) উৎপাদনের বিবরণ

ক্রমিক নং	গ্যাস ক্ষেত্র	উৎপাদনক্ষম কুপ সংখ্যা	উৎপাদনরত কুপ সংখ্যা	উপাদান	দৈনিক উৎপাদন ক্ষমতা	লক্ষ্যমাত্রা (২০২৩- ২০২৪)	চলতি মাস (জুন'২০২৪)	বিগত মাস (মে'২০২৪)	চলতি বৎসর ক্রমপুঞ্জিভূত (২০২৩-২০২৪)	প্রারম্ভ হতে ক্রমপুঞ্জিভূত উৎপাদন
০১।	সালদানদী	০৩	০৩	১। গ্যাস	০.০৮৫	৩১.০৯	২.৩৯৬	২.৭১১	৩১.৭৫৩	২২৯৭.৯৩৫
				২। কনডেনসেট	০.২১৯	৮০.০০	৭.১৩৮	৭.৫৭৬	৯২.১৪৩	৭৩৮৯.৩৩৬
০২।	ফেঞ্চুগঞ্জ	০২	০২	১। গ্যাস	০.২৫৬	৯৩.২৮	৭.৭০৬	৮.১০৩	১১৪.৩১৮	৫০৩০.৪১৫
				২। কনডেনসেট	০.৪৭৯	১৭৫.০০	১১.৪১৮	১১.৫০৭	২০৩.০০৭	১৯৫৪৯.০৮৯
০৩।	শাহবাজপুর	০৫	০৪	১। গ্যাস	২.৫১২	৮২৯.০০	৫৯.৫৩৯	৫৯.৭৩৭	৭৩৩.৪৮৬	৪৮২৪.৩৭৪
				২। কনডেনসেট	১.৩৬৪	৪৫০.০০	৪৮.৬৩৮	৪৯.৪৪৯	৫২৯.৯১৫	৩২২৭.৫০৩
০৪।	সেমুতাং	০১	০১	১। গ্যাস	০.০১৪	৫.১৮	০.৮৯৭	০.৯৬৫	৯.৫৯২৩	৪১৪.৬৬৫
				২। কনডেনসেট	-	-	-	-	-	৮২৬.৬৮৪
০৫	সুন্দলপুর	০১	০১	১। গ্যাস	০.১৯৯	৭২.৫৫	০.৯২৫	২.০৯১	৫১.৬৭০৬	৭৪১.৫৭১
				২। কনডেনসেট	০.০৫৫	২০.০০	-	-	১০.৪২২৫	১৮৪.৪৯৯
০৬।	শ্রীকাইল	০৪	০৪	১। গ্যাস	০.৯৯৪	৩৬২.৮৪	২২.০৪	২০.২৬৯	৩১০.৯৪৪২	৪২৩৯.৮২৭
				২। কনডেনসেট	২০.৫৪৮	৭৫০০.০০	৪৩৯.৯৭৮	২৮৯.৮৪১	৬৬৪৯.৪৮৬৯	৬১৬১৮.৮৭
০৭।	বেগমগঞ্জ	০১	০১	১। গ্যাস	০.৬৪৮	৭৭.৭৩	৬.৪২৬	৬.৮৪৩	৮২.০৯১৬	৪৪২.৩৪৭
				২। কনডেনসেট	০.৯১৭	১১০.০০	৮.১৪১	১০.২৫৯	১৩৩.৩৬৬৯	৭৩০.৭৩৬
০৮।	রূপগঞ্জ	-	-	১। গ্যাস	-	-	-	-	-	১৯.২২৯
				২। কনডেনসেট	-	-	-	-	-	১৮০.০৮৩

গ্যাসঃ এমএমএসসিএম (১ কিউঃ মিঃ = ৩৫.৩১৪৭ কিউঃ ফিট)

কনডেনসেটঃ হাজার লিটার (১ ব্যারেল = ১৫৯ লিটার)

(২) বিক্রয়ের বিবরণ :

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	গ্যাস ক্ষেত্র	উৎপাদিত দ্রব্য	বিক্রয়ের পরিমাণ (জুন' ২০২৪)	ক্রমপুঞ্জিত (জুন' ২০২৪) (২০২৩-২০২৪)	ভ্যাট প্রদান (জুন' ২০২৪)	ভ্যাট বাদে মূল্য (জুন' ২০২৪)	মোট মূল্য (জুন' ২০২৪)	ক্রমপুঞ্জিত মূল্য (২০২৩-২০২৪)
০১।	সালদানদী	১। গ্যাস	২.০৪৩৯	২৭.২১৬৯	২১.৭৭৭৮	৮১.৭৫৭৩	১০৩.৫৩৫১	১৩৮৭.৩৫৯৬
		২। কনডেনসেট	-	৮১.০০০	-	-	-	৫২.১৬৪০
০২।	ফেঞ্চুগঞ্জ	১। গ্যাস	৬.৭৭৮৭	৯৯.৫৫৩০	১৪৪.৮৪৭৬	২৭৬.৬৮০৪	৪২১.৫২৮০	৬১৬১.৮৯৮৭
		২। কনডেনসেট	-	৩৫১.০০০	-	-	-	২২৬.০৪৪০
৩।	শাহবাজপুর	১। গ্যাস	৫৯.৫১৩৪	৭৪০.৯৭৯৭	১১৫৭.৯৫৭০	২৩৮০.৫৩৫৫	৩৫৩৮.৪৯২৫	৪২২৭৩.৭৯৩৫
		২। কনডেনসেট	৮১.০০০	৫৬৭.০০০	৩.৬২৮৮	২২.১৫৩৫	২৫.৭৮২৩	১৮০.৪৭৬৩
০৪।	সেমুতাং	১। গ্যাস	০.৮৭৬১	৯.৩৭৮৮	২৫.২৭৯৯	৩৫.৭৫৯৬	৬১.০৩৯৫	৬৫১.৩০১৫
		২। কনডেনসেট	-	-	-	-	-	-
০৫।	সুন্দলপুর	১। গ্যাস	০.৯০৫৬	৫১.৪১১০	১৯.৩৫১৭	৩৬.৯৬৪৬	৫৬.৩১৬৩	৩১৭৪.২১৫৪
		২। কনডেনসেট	-	৯.০০০	-	-	-	৫.৭৯৬০
০৬।	শ্রীকাইল	১। গ্যাস	১৮.৮১৯৫	২৬৬.৭৮০০	২০০.২৯৩২	৭৫১.৯৩০৭	৯৫২.২২৩৯	১৩৩৮৪.৬৪৩৮
		২। কনডেনসেট	৪৭২.৫০০	৬৬৮২.৫০০	৩৯.৬৯০০	২৬৪.৬০০০	৩০৪.২৯০০	৪৩০৩.৫৩০০
০৭।	বেগমগঞ্জ	১। গ্যাস	৬.২৮৯৩	৮১.১২৪২	১৩৪.৩৯০৮	২৫৬.৭০৬৩	৩৯১.০৯৭১	৫০২১.১৩৭৬
		২। কনডেনসেট	-	১৫৩.০০০	-	-	-	৯৮.৫৩২০
০৮।	বুপগঞ্জ	১। গ্যাস	-	-	-	-	-	-
		২। কনডেনসেট	-	-	-	-	-	-

গ্যাসঃ এমএমএসসিএম (১ কিউঃ মিঃ = ৩৫.৩১৪৭ কিউঃ ফিট)

কনডেনসেটঃ হাজার লিটার (১ ব্যারেল = ১৫৯ লিটার)

১। কেন্দ্রীয় যানবাহন মেরামত কারখানা, ঢাকা :

উক্ত কারখানায় ১২ টি হালকা যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং সার্ভিসিং করা হয়েছে।

২। প্রধান কার্যালয় ঢাকা :

প্রধান কার্যালয়ে বিভিন্ন প্রকল্পের কার্যক্রম নিম্নরূপঃ

- ক) বিজয়-১০ (ZJ70DBS), বিজয়-১১ (ZJ40DBT), বিজয়-১২ (ZJ50DBS) ও XJ650T রিগ যন্ত্রপাতি এবং ভারী যানবাহন যেমনঃ ফ্রেন, ফর্ক লিফটার, ট্রাক ও ট্রেইলার ইত্যাদির চলমান রক্ষণাবেক্ষণ, মেরামত কার্যক্রম পরীক্ষণ, পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ করা হয়েছে।
- খ) রিগসমূহে ব্যবহারের লক্ষ্যে রিগ যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ক্রয়ের আন্তর্জাতিক ও স্থানীয় ক্রয় প্রক্রিয়া সংক্রান্ত কাজ করা হয়েছে।
- গ) চলমান প্রকল্পসমূহে মালামাল লোডিং/ অফলোডিং ও স্থানান্তর কাজে নিয়োজিত ভারী যানবাহনসমূহ মেরামতের লক্ষ্যে খুচরা যন্ত্রাংশ ক্রয়ের আন্তর্জাতিক ও স্থানীয় ক্রয় প্রক্রিয়া সংক্রান্ত কাজ করা হয়েছে।

৩। বিবিধ :

- ক) সিলেট গ্যাস ফিল্ডের কৈলাশটিলা#৮ কূপের খনন কাজ বিজয়-১২ রিগ দ্বারা শেষ হয়েছে। বর্তমানে রিগ সংশ্লিষ্ট যন্ত্রাংশ মেরামত ও রিগ ডাউনের প্রস্তুতি চলছে।
- খ) বেগমগঞ্জ#৪ (ওয়েস্ট) কূপ খনন প্রকল্পে বিজয়-১০ রিগ দ্বারা কূপ খনন কাজ চলমান আছে।
- গ) বিজিএফসিএল এর তিতাস#১৪ কূপের ওয়ার্কওভার কাজ বিজয়-১১ রিগ দ্বারা সফলভাবে সম্পন্ন করা হয়েছে। বর্তমানে রিগ যন্ত্রপাতির মেরামত কাজ চলমান।
- ঘ) বিজয়-১৮ রিগ দ্বারা সিলেট#৭ কূপের ওয়ার্কওভার করার লক্ষ্যে কূপ এলাকায় রিগ মালামাল স্থানান্তর কাজ শেষ হয়েছে। রিগ সংযোজন ও মেরামত কাজ চলমান।

8.৮

রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট বিভাগ

- ক) বাপেক্সের সালদানদী, ফেঞ্চুগঞ্জ, শাহবাজপুর, সেমুতাং, শাহজাদপুর-সুন্দলপুর, শ্রীকাইল ও বেগমগঞ্জ গ্যাসক্ষেত্র সমূহ থেকে মে' ২০২৪ মাসে উৎপাদিত গ্যাস, কনডেনসেট, পানি ও FWHP/SIWHP সংক্রান্ত উপাত্তসমূহ গ্রহণ করে যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।
- খ) ডাটা ম্যানেজমেন্ট সিস্টেম উন্নয়নের লক্ষ্যে ডাটা ম্যানেজমেন্ট উপবিভাগে সংরক্ষিত এবং সাম্প্রতিক সময়ে প্রাপ্ত হার্ডকপি তথ্য/উপাত্তসমূহ যাচাই-বাছাই পূর্বক যথাযথভাবে ডাটা শিট (এক্সেল শিট) এর মাধ্যমে নতুনভাবে প্রনয়ন করা হচ্ছে এবং হার্ডকপিসমূহ ডাষ্ট-ফ্রি রাখা এবং পোকামাকড় থেকে রক্ষার জন্য পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ চলমান আছে।
- গ) টেপ সেকশনে সংরক্ষিত টেপ সমূহ নিয়মিতভাবে টেপ ক্লিনিং মেশিন দ্বারা পরিষ্কার করা হচ্ছে এবং ডিজিটাল ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমে ব্যবহৃত সকল কম্পিউটার, স্টোরেজ ডিভাইসসহ অন্যান্য আনুসঙ্গিক ডিভাইস নিয়মিত পর্যবেক্ষণের মাধ্যমে সচল রাখা হচ্ছে।
- ঘ) ডাটা ম্যানেজমেন্ট উপ-বিভাগে সংরক্ষিত হাইড্রোকার্বন অনুসন্ধান ও উৎপাদন সংক্রান্ত যাবতীয় ডাটার হার্ডকপিসমূহের স্ক্যান্ড কপি/ইমেজ কপি এবং ফিল্ড ম্যাগনেটিক টেপসমূহের ডাটা SEG-Y Format এ রূপান্তরিত ডিজিটাল ডাটাসমূহ কম্পিউটার হার্ডডিস্ক, DVD এবং এক্সটারনাল হার্ডডিস্কে কপি করে সংরক্ষণ করা হচ্ছে।
- ঙ) ডাটা ম্যানেজমেন্ট উপবিভাগে বিদ্যমান তথ্য-উপাত্ত ভান্ডারের যথাযথ ও সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে সুবিধা গ্রহণের লক্ষ্যে বিদ্যমান ডাটা ব্যাংক-কে একটি WebGIS based Data Management System এ রূপান্তর ও উন্নীত করার সামগ্রিক প্রক্রিয়া চলমান রয়েছে।
- চ) রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট বিভাগের বার্ষিক ক্রয় কর্মপরিকল্পনা (এপিপি) ২০২৪-২০২৫ সংযুক্ত ছকে পুরন করতঃ মহাব্যবস্থাপক ও আহবায়ক, এপিপি প্রণয়ন কমিটি বরাবর প্রেরণ করা হয়েছে।
- ছ) Reservoir Engineering কাজের জন্য প্রয়োজনীয় কারিগরী উপাত্তের তালিকা প্রণয়ন ও সংগ্রহের উদ্যোগ গ্রহন করা হয়েছে।
- জ) Reservoir Engineering Software ক্রয়ের নিমিত্তে কারিগরী বিবরণ ও প্রাক্কলন তৈরির উদ্দেশ্যে Vendor এর সাথে আলোচনা/যোগাযোগ করা হচ্ছে।
- ঝ) G & G Software ক্রয়ের নিমিত্তে কারিগরী বিবরণ ও প্রাক্কলন তৈরির উদ্দেশ্যে Vendor এর সাথে আলোচনা/যোগাযোগ করা হচ্ছে।

৪.৯ প্লানিং এন্ড আইসিটি বিভাগ

- ক) “ভোলা নর্থ গ্যাসক্ষেত্রের জন্য ৬০ এমএমএসসিএফডি ক্ষমতা সম্পন্ন প্রসেস প্লান্ট সংগ্রহ ও স্থাপন” শীর্ষক প্রকল্পের ডিপিপি গত ২১ মার্চ ২০২৪ তারিখে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) এর সভায় উপস্থাপিত এবং কতিপয় শর্ত প্রতিপালন সাপেক্ষে অনুমোদিত হয়। সে আলোকে ডিপিপি পুনর্গঠন করে ২৯ এপ্রিল ২০২৪ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের ওজিএনআর-১ শাখা হতে এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগে প্রেরণ করা হয়েছে;
- খ) “২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক-৭ এন্ড ৯” শীর্ষক প্রকল্পের উপর পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির সভা ২৯ এপ্রিল ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি’র প্রয়োজনীয় সংশোধনপূর্বক পরিকল্পনা কমিশনে প্রেরণের লক্ষ্যে ০২/০৭/২০২৪ তারিখে পেট্রোবাংলা হতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে;
- গ) “২টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (সুন্দলপুর-৪ ও শ্রীকাইল-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (সুন্দলপুর সাউথ-১ ও জামালপুর-১) খনন” প্রকল্পের উপর পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি ২৮ মে ২০২৪ তারিখে মন্ত্রণালয় হতে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে;
- ঘ) পেট্রোবাংলার চাহিদা অনুসারে “৩টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ডিপ-১, মোবারকপুর ডিপ-১ ও ফেঞ্চুগঞ্জ সাউথ-১) খনন” শীর্ষক প্রকল্পের অর্থায়নের প্রকৃতি নির্ধারণের লক্ষ্যে প্রস্তাবিত ডিপিপি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে ২৯ এপ্রিল ২০২৪ তারিখে অর্থবিভাগে প্রেরণ করা হয়েছে। ডিপ কূপসমূহের জন্য ফেইজ-১ এর কার্যক্রম (পরামর্শক সেবা) শেষে Senior Drilling Engineer and Material Manager কে ২০ জুন ২০২৪ তারিখে demobilized করা হয়েছে;
- ঙ) “২০০০ হর্স পাওয়ার রিগ ক্রয়” শীর্ষক প্রকল্পের বিপরীতে অর্থ মন্ত্রণালয় হতে Liquidity Certificate প্রাপ্তির লক্ষ্যে ১০ জুন ২৪ তারিখে পেট্রোবাংলা হতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে;
- চ) “৪টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (শাহবাজপুর-৫, ৭ এবং ভোলা নর্থ-৩, ৪) এবং ১টি অনুসন্ধান কূপ (শাহবাজপুর নর্থ ইস্ট-১) খনন প্রকল্প” শীর্ষক প্রকল্পের ডিপিপি পরিমার্জনপূর্বক প্রকল্পের অর্থায়নের প্রকৃতি নির্ধারণের জন্য ২১ এপ্রিল ২০২৪ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাধ্যমে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। পাশাপাশি Addendum ৪ চূড়ান্ত স্বাক্ষরের নিমিত্তে লেজিসলেটিভ বিভাগের ভেটিং গ্রহণে পেট্রোবাংলা হতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে ০৫ জুন ২০২৪ তারিখে প্রেরণ করা হয়েছে;
- ছ) “১টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (বেগমগঞ্জ-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (বেগমগঞ্জ-৬ ও সুনত্র-২) খনন” শীর্ষক প্রকল্পের Feasibility Study সম্পাদনের কার্যক্রম সম্পন্ন হয়েছে। সে আলোকে ডিপিপি প্রণয়ন করা হয়েছে। ডিপিপি অনুমোদনের লক্ষ্যে পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করা হবে;
- জ) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতির মাসিক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।
- ঝ) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির মাসিক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।
- ঞ) অনির্দিষ্ট কার্যক্রম বিষয়ক মাসিক প্রতিবেদন প্রণয়ন করতঃ পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে।
- ট) পেট্রোবাংলা ও মন্ত্রণালয়ের চাহিদার প্রেক্ষিতে বিভিন্ন ধরনের তথ্য- উপাত্ত সরবরাহ করা হয়েছে। তাছাড়া কোম্পানির সার্বিক কার্যক্রম (মাস ভিত্তিক) অভিন্ন ফরমেট-এ পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে।
- ঠ) ই-জিপি তথ্য সংশোধন এবং ইউজার টেকনিক্যাল সাপোর্ট প্রদান, ১৪ জন কর্মকর্তার দাপ্তরিক তথ্যাবলী হালনাগাদকরণ, ডিজিটাল ডিসপ্লে তথ্যাদি হালনাগাদকরণ।
- ড) বিভিন্ন বিভাগের চাহিদার প্রেক্ষিতে আইসিটি ও এমআইএস উপবিভাগের মাধ্যমে ইন্টারনেট সংযোগ, পিএবিএক্স সংযোগ, কম্পিউটারে হার্ডওয়ার ও সফওয়্যার সেট-আপ সহ প্রয়োজনীয় সেবা প্রদান করা হয়েছে।
- ঢ) দরপত্র, অফিস আদেশ, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, বার্ষিক ক্রয় পরিকল্পনা, বার্ষিক প্রতিবেদন ও হালনাগাদ সিটিজেন চার্টার, মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী, জাতীয় শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার এবং ই-গভর্ন্যান্স ও ইনোভেশন সংক্রান্ত সভার কার্যপত্র ও অগ্রগতির প্রতিবেদন আপলোড করা হয়েছে।
- ণ) বাপেক্স পরিচালনা পর্ষদ সভাসহ বিভিন্ন সংস্থার সাথে আয়োজিত ১৬টি অনলাইন সভা আয়োজন ও কারিগরি সহায়তা প্রদান। এইচআরএম শাখা কর্তৃক আয়োজিত ২টি প্রশিক্ষণ কার্যক্রমে প্রজেক্টর, ডিসপ্লে ও সাউন্ড সিস্টেম সংক্রান্ত আইটি সাপোর্ট প্রদান।
- ত) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের নির্ধারিত নতুন ছকে বাপেক্সের কার্যাবলীর মাসিক প্রতিবেদন পেট্রোবাংলায় (এমআইএস উপবিভাগ) প্রেরণ। মন্ত্রিপরিষদ বিভাগে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাসিক কর্মকাণ্ডের বিবরণী মহাব্যবস্থাপক (অর্থ) বরাবর প্রেরণ। বাপেক্স পরিচালিত গ্যাসক্ষেত্রসমূহের গ্যাস ও কনডেনসেট উৎপাদন ও বিক্রয় বিবরণী প্রস্তুত ও প্রেরণ।
- থ) এইচআরএম উপবিভাগ কর্তৃক স্থানীয় প্রশিক্ষণ যথাক্রমে “অগ্নি প্রতিরোধ, নির্বাণ, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা” (১০.০৬.২০২৪ হতে ১১.০৬.২০২৪), “সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮” (২৫.০৬.২০২৪) শীর্ষক প্রশিক্ষণসমূহের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণসমূহে সর্বমোট স্থানীয় প্রশিক্ষার্থীর সংখ্যা ছিলো ১৬৮ জন। পাশাপাশি “অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণের লক্ষ্যে” (২৭.০৬.২০২৪) শীর্ষক কর্মশালা/সেমিনারের আয়োজন করা হয়েছে। উক্ত সেমিনারে অংশগ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা ছিলো ২১২ জন।
- দ) বাপেক্সের প্রস্তাবিত ৫৬ টি কূপ খনন পরিকল্পনা ও বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট ক্লাস্টারের ইআইএ সম্পাদনের সম্ভাব্য সময়সূচী পরিকল্পনা উপবিভাগে প্রেরণ করা হয়েছে।
- ধ) ৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন, মনপুরা এন্ড হাতিয়া শীর্ষক প্রকল্পের EIA সম্পাদন ও পরিবেশগত ছাড়পত্র গ্রহণের লক্ষ্যে সেবাদানকারী প্রতিষ্ঠান IIFC কে Proposal প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে।
- ন) ভোলা জেলায় নতুন ০৪ টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (শাহবাজপুর-৫ ও ৭; ভোলা নর্থ-৩ ও ৪) এবং ১টি অনুসন্ধান কূপ (শাহবাজপুর নর্থ ইস্ট-১) মোট ০৫টি কূপ খনন শীর্ষক প্রকল্পের EIA সম্পাদনপূর্বক Site Clearance Certificate পরিবেশ অধিদপ্তর, ঢাকা হতে গ্রহণ করা হয়েছে।
- প) হেলথ, সেইফটি এন্ড এনভায়রনমেন্ট উপ-বিভাগের Annual Procurement Plan 2024-2025 সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়েছে।
- ফ) বাপেক্সের বিভিন্ন বিভাগ/প্রকল্প/গ্যাস ক্ষেত্র/স্থাপনাসমূহ থেকে জুন’২০২৪ সালের HSE প্রতিবেদন সংগ্রহ এবং সংগৃহীত প্রতিবেদন কম্পাইল করে পেট্রোবাংলায় প্রেরণের ব্যবস্থা নেয়া হয়েছে।
- ব) বাপেক্স এর কেপিআই ও কেপিআই বর্হিভূত স্থাপনাসমূহের নিরাপত্তা ব্যবস্থা মনিটরিং বিষয়ক দৈনিক প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে।

8.10

আঞ্চলিক কার্যালয়, বাপেক্স, চট্টগ্রাম

- ক) সাধারণ উপ-বিভাগের মাধ্যমে জুন ২০২৪ মাসেন যাবতীয় বিল, অস্থায়ী শ্রমিক বেতন ভাতা পরিশোধ করা হয়েছে এবং বিবিধ নথি উত্থাপন, প্রেরণ/গ্রহণ করা হয়েছে।
- খ) ৩টি বৈদেশিক ক্রয়াদেশের মালামাল বন্দর হতে খালাস করা হয়েছে এবং ০৮টি সিএন্ডএফ এজেন্ট বিল পরিশোধের জন্য প্রশাসন বিভাগ, ঢাকায় প্রেরণ করা হয়েছে।
- গ) কেন্দ্রীয় সাধারণ ভান্ডার উপ-বিভাগের মাধ্যমে স্থানীয়ভাবে ক্রয়কৃত মালামাল এবং ফিল্ড হতে ফেরৎকৃত মালামাল গ্রহণ করা হয়েছে। স্থানীয়ভাবে ক্রয়কৃত মালামাল এর মান পরিমাপক সনদ ও এম.আর.আর করা হয়েছে। লিখিত বার্তা/চাহিদার পরিপ্রেক্ষিতে বিভিন্ন খনন/ওয়ার্কওভার প্রকল্পে/স্থাপনায় বিভিন্ন মালামাল/গাড়ীর স্পেয়ার পার্টস প্রেরণ করা হয়েছে। এছাড়া মালামালের ইনডেক্সিং, গোডাউনে স্টোরের মালামাল পুনর্বিন্যাস এবং ভান্ডার এলাকা রক্ষণাবেক্ষণ করা হয়েছে।
- ঘ) আন্তর্জাতিক ক্রয়াদেশ নং বাপেক্স/এডমিন/১৮৯৭ এর বিপরীতে আমদানীকৃত Drilling Floor Handling Tools and Spare Parts এবং ক্রয়াদেশ নং বাপেক্স/এডমিন/১৮৮০ এর বিপরীতে আমদানীকৃত Rig Instrumentation Spare এর এর মালামাল গ্রহণ এবং সংরক্ষণ করা হয়েছে।
- আন্তর্জাতিক ক্রয়াদেশ নং বাপেক্স/এডমিন/১৮৮৫ এর বিপরীতে আমদানীকৃত Pipeline, Different type of valves and accociated materials for gathering pipeline of (Lot-2: Measuring Instrumen & Associated Items) এর মান পরিমাপক সনদ সম্পন্ন করা হয়েছে।
- ঙ) লিখিত বার্তা/চাহিদার পরিপ্রেক্ষিতে বেগমগঞ্জ-০৪ কুপ খনন প্রকল্পে খনন মালামাল ও শাহবাজপুর-সুন্দলপুর গ্যাস ক্ষেত্রে উৎপাদন বিভাগের মালামাল প্রেরণ করা হয়েছে। এছাড়া বিভিন্ন মালামালের ইনডেক্সিং, মার্কিং, গোডাউনে স্টোরের মালামাল সংরক্ষণ, পুনর্বিন্যাস এবং ভান্ডার এলাকা রক্ষণাবেক্ষণ করা হয়েছে।
- চ) সেন্ট্রাল অটোমোবাইল এন্ড ইলেক্ট্রিক্যাল ওয়ার্কশপ উপ-বিভাগ ও সেন্ট্রাল মেশিনশপ এন্ড ড্রিলিং ইকুইপমেন্ট উপবিভাগের মাধ্যমে বিভিন্ন গাড়ীর প্রয়োজনীয় মেরামত ও সার্ভিসিং করা হয়েছে।
- ছ) মহাব্যবস্থাপক (প্রকৌশলীর) নির্দেশক্রমে গত ২৯/০৫/২০২৪ তারিখে নিশান প্রাইমমুভার-০১১৯ গাড়িটি রূপগঞ্জ হয়ে তিতাস প্রকল্পে প্রেরণ করা হয়েছে। বিভিন্ন সময়ে ভান্ডারের চাহিদার প্রেক্ষিতে মাড ক্যামিক্যালসহ গাড়ি বেগমগঞ্জ#৪ প্রকল্পে প্রেরণ করা হয়েছে।
- জ) অটোমোবাইল শাখার মাধ্যমে ৩টি গাড়ির ব্যাটারি সংযোগ/পরিবর্তন ডেন্টিংয়ের পরে সম্পূর্ণ গাড়ি ওয়ারিং করা, ওয়েল্ডিং মেশিনের কানেকশন চেকিং এবং পোমরা স্থাপনায় আইপিএস ব্যাটারি সংযোগ ও সিসি ক্যামেরা মেরামতপূর্বক সংযোগ করা হয়েছে।

৫।

বিবিধ তথ্য

৫.১ লোকবল :

ক্রমিক নং	জাতীয় বেতন স্কেল (২০১৫)	সংখ্যা		মন্তব্য
		কর্মকর্তা	কর্মচারী	
১	৭৮,০০০ (নির্ধারিত)	-	-	-
২	৬৬,০০০-৭৬,৪৯০	০১	-	
৩	৫৬,৫০০-৭৪,৪০০	১৪	-	
৪	৫০,০০০-৭১,২০০	৬৬	-	
৫	৪৩,০০০-৬৯,৮৫০	১১৯	-	
৬	৩৫,৫০০-৬৭,০১০	৮৫	-	
৭	২৯,০০০-৬৩,৪১০	-	-	
৮	২৩,০০০-৫৫,৪৭০	-	-	
৯	২২,০০০-৫৩,০৬০	১১৪	-	
১০	১৬,০০০-৩৮,৬৪০	৬১	-	
১১	১১,০০০-২৬,৫৯০	-	৭৪	
১২	১০,২০০-২৪,৬৮০	-	৩৮	
১৩	৯,৭০০-২৩,৪৯০	-	-	
১৪	৯,৩০০-২২,৪৯০	-	২৮	
১৫	৯,০০০-২১,৮০০	-	০৮	
১৬	৮,৮০০-২০,৫৭০	-	০৯	
১৭	৮,৫০০-২০,২৯০	-	০৮	
১৮	৮,২৫০-২০,০১০	-	৪১	
	মোটঃ	৪৬০	২০৬	
১৯	ক) প্রেষণে পেট্রোবাংলা ও পেট্রোবাংলা বহির্ভূত অন্যান্য কোম্পানী হতে -	০৪	-	
	মোটঃ	০৪	-	
	সর্বমোটঃ	৪৬৪	২০৬	
সর্বমোট (কর্মকর্তা+কর্মচারী) = ৬৭০				

* বাপেক্সের একজন কর্মকর্তা এমডি হিসেবে এসজিএফএলে ডেপুটেশনে রয়েছেন।

৫.২ কোম্পানীর e-Governance সংক্রান্ত তথ্যঃ

৫.২.১	কর্মকর্তা-৪৬৪ জন	কর্মচারী-২০৬ জন	মোট জনবল-৬৭০ জন
৫.২.২	PC ব্যবহারকারী কর্মকর্তা-৪২২ জন	PC ব্যবহারকারী কর্মচারী-৪০ জন	PC ব্যবহারকারী মোট জনবল-৪৬২ জন

৫.২.৩ বাপেক্স এর প্রধান কার্যালয়ে স্থাপিত কম্পিউটার এবং সরঞ্জামাদির বিবরণীঃ

i) PC -র সংখ্যা-২১৩ টি	vii) Printer সংখ্যা-১৬৫ টি
ii) Server-র সংখ্যা- ০৭ টি	viii) Scanner সংখ্যা-৪৩ টি
iii) DVD Writer -র সংখ্যা-২১৩ টি	x) Multimedia Projector সংখ্যা-০৪টি
iv) Digital Camera -র সংখ্যা-০২ টি	xi) Edge Modem: 07 nos. (4 in Drilling field, 3 in production field.
v) Laptop Computer -র সংখ্যা-২৮ টি	xii) GPRS Network: Between project and head office.
vi) Internet connectivity: (50+101) Mbps by fiberoptics.	xiii) Video Conferencing Sysytem with 80 inch Interactive Digital Display at head office.: 01 Set

৫.২.৪ কোম্পানীর Website Address: www.bapex.com.bd

৫.২.৫	ইন্টারনেটের সাথে সংযোগকৃত PC এর সংখ্যা-২১৩ টি
৫.২.৬	কোম্পানীর ইন্টারনেট সংযোগের ধরন- ব্রডব্যান্ড
৫.২.৭	বাপেক্স ডোমেইনে নিবন্ধিত ই-মেইল ব্যবহারকারী সংখ্যা-৩৭৩ জন।
৫.২.৮	বাপেক্স এর প্রধান কার্যালয়ে স্থাপিত ২১৩ টি কম্পিউটার Wifi Network এর আওতাভুক্ত।
৫.২.৯	Desktop PC- এর Operating System: (ক) Windows-7, (খ) Windows-8.1 এবং (গ) Windows-10
৫.২.১০	Desktop PC- এর Application Software: (১) MS Office-2003, 2007, 2013, 2016 (২) Adobe Photoshop (৩) Adobe Illustrator (৪) AutoCAD (৫) Map Source (৬) Grapher (৭) ArcView (৮) Mesa
